

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-২৭৩৬(আগরতলা, ০২। ১। ১।)  
বিশ্বামগঙ্গ, ০২ নভেম্বর, ২০ ১৮

বিশ্বামগঙ্গ এম এস এম ই সেক্টরের উদ্বোধন  
বেকার যুবক-যুবতীদের স্বরোজগারী  
হওয়ার সুযোগ সৃষ্টি হল : উপ-মুখ্যমন্ত্রী

বিশ্বামগঙ্গ মিনি স্টেডিয়ামে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ এম এস এম ই সেক্টরের উদ্বোধন করেন উপ-মুখ্যমন্ত্রী যীষ্যু দেববর্মা। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক বীরেন্দ্র কিশোর দেববর্মা এবং সুভাষ চন্দ্র দাস। সভাপতিত্ব করেন সিপাহীজলা জিলাপরিষদের সভাধিপতি ফখরউদ্দিন আহমেদ। তাছাড়াও সিপাহীজলা জেলার জেলাশাসক ও সমাহৰ্তা ড. ব্রাঞ্ছনীত কৌর, ইউ বি আই এর জেনারেল ম্যানেজার পি পি সিং সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ক্ষুদ্র এবং মাঝারি উদ্যোগের প্রসারের জন্য জেলা সেক্টরের উদ্বোধন করে উপ-মুখ্যমন্ত্রী যীষ্যু দেববর্মা বলেন, আজ সিপাহীজলা জেলার প্রত্যেকটি মানুষের কাছে দিনটি গৌরবময়। এই প্রকল্পে সারা দেশের একশটি জেলার মধ্যে রাজ্যের সিপাহীজলা এবং পশ্চিম ত্রিপুরা জেলাও রয়েছে। আমাদের রাজ্যে প্রায় সাড়ে সাত লক্ষ বেকার রয়েছে। সবাইকে সরকারি চাকরী দেয়া সম্ভব নয়। বেকার যুবক যুবতীরা শিল্প স্থাপন করতে অতি সহজে ঝণ পাওয়ার জন্য কেন্দ্রীয় সরকার বিভিন্ন পদক্ষেপ হাতে নিয়েছে। রাজ্যের বেকার যুবক যুবতীদের এই সুযোগগুলি গ্রহণ করতে হবে। যাতে তারা অতি সহজে ঝণ মঞ্জুরী পেয়ে নিজেদের পায়ে দাঁড়াতে পারে। এম এস এম ই প্রকল্পের মাধ্যমে রাজ্য সহ দেশের অন্যান্য গ্রামীণ এলাকার বেকার যুবক যুবতীরা বিশেষভাবে উপকৃত হবেন। এতে বেকার যুবক-যুবতীদের স্বরোজগারী হওয়ার সুযোগ সৃষ্টি হল রাজ্যে শিল্প স্থাপনের মাধ্যমে বেকার যুবক যুবতীদের সাবলম্বী হওয়ার জন্য তিনি রাজ্যের বিভিন্ন ব্যাক্তের কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ রেখে চলতে আহ্লান জানান। তিনি বলেন, রাজ্য আগে কোন ক্ষুদ্র বা মাঝারি শিল্প স্থাপন করা সম্ভব হয় নি। কিন্তু এখন রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার যৌথভাবে বেকারদের সুযোগ করে দিয়েছে। তাকে কাজে লাগাতে হবে। এর ফলে আগামী দিনে রাজ্যের উন্নতি করা সম্ভব হবে বলে তিনি আশা ব্যক্ত করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সিপাহীজলা জিলাপরিষদের সভাধিপতি ফখরউদ্দিন আহমেদ, বিধায়ক সুভাষ চন্দ্র দাস, ইউ বি আই এর জেনারেল ম্যানেজার পি পি সিং প্রমুখ। বিকেল ৩.৪৫ মিনিটে দিল্লির বিজ্ঞান ভবন থেকে প্রধানমন্ত্রীর ভাষণ সরাসরি বিশ্বামগঙ্গ মিনি স্টেডিয়ামে বড় পর্দায় দর্শকদের দেখানো হয়। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন ইউ বি আই এর ত্রিপুরার এসিস্টেন্ট জেনারেল ম্যানেজার পিন্টু দাসগুপ্ত। উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের শিল্পীরা।

\*\*\*\*